

## খাতওয়ারী ফেব্রুয়ারি ২০২২ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড

- ১। সর্বমোট অর্জন। বাংলাদেশ কোস্ট গার্ড ফেব্রুয়ারি ২০২২ মাসে সর্বমোট ২৮৯,৫৩,৫৭,৫০০/০০ (টাকা দুইশত উননক্বই কোটি তিপান্ন লক্ষ সাতান্ন হাজার পাঁচশত মাত্র) মূল্যের অবৈধ মালামাল আটক করে।
- ২। চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য। ফেব্রুয়ারি ২০২২ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ৭ কোটি ৮৬ লক্ষ ৫৭ হাজার ৯৫০ টাকার অবৈধপণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
<b>চোরাচালান পণ্য</b>			
১।	ডিজেল/অকটেন	২,১৪০ লিটার	২,৭০,০০০/০০
২।	সিমেন্ট	৫০ ব্যাগ	২২,৫০০/০০
৩।	কাঁকড়া	২,০৬০টি	৩০,৯০,০০০/০০
৪।	বোট	০৩টি	২,৩২,০০০/০০
<b>মোট</b>			<b>৩৬,১৪,৫০০/০০</b>
<b>মৎস্য সম্পদ</b>			
১।	কারেন্ট জাল	৬,৬৯,৮০,৫০০ মিটার	২৩৪,৪৩,১৭,৫০০/০০
২।	বেহুন্দি/মশারি জাল	২,৩১৩টি	৩,৪৩,৯৫,০০০/০০
৩।	চরধেরা ও অন্যান্য জাল	৪৫,৫৪,৮৮০ মিটার	১৭,৯৯,৮৪,৯০০/০০
৪।	জাটকা	২৫,৩০৭ কেজি	৬২,৭৭,৩৫০/০০
৫।	পোনা	১২,৫১,৩৭,৪০০ পিস	২৫,০৪,২৪,৮০০/০০
৬।	বোট	০৬টি	১৩,০০,০০০/০০
<b>মোট</b>			<b>২৮১,৬৬,৯৯,৫৫০/০০</b>
<b>মাদকদ্রব্য</b>			
১।	ইয়াবা	১,৫৮,৯৩৯ পিস	৪,৭৮,৮৪,২৫০/০০
২।	গাঁজা	১২,৪৪৫ গ্রাম	২,৭৬,৪০০/০০
৩।	ক্রিস্টাল মেথ (আইস)	৪০০ গ্রাম	২,০০,০০,০০০/০০
৪।	বিয়ার	২,৯১২ ক্যান/বোতল	২২,৯৬,০০০/০০
৫।	হইফি	১২ বোতল	১৮,০০০/০০
৬।	কাভার্ড ভ্যান	০১টি	৪০,০০,০০০/০০
৭।	মোবাইল	০১টি	৭,০০০/০০
<b>মোট</b>			<b>৭,৪৪,৮১,৬৫০/০০</b>
<b>বনজ সম্পদ</b>			
১।	বিভিন্ন প্রকার কাঠ	১৮০.৬ ঘনফুট	৫,৬১,৮০০/০০
<b>পরিবেশ রক্ষা</b>			
১।	হরিণের মাংস ও অন্যান্য	৬৬ কেজি	-
২।	হরিণের মাথা	০২টি	-
৩।	হরিণের চামড়া	০২টি	-
<b>আটককৃত জনবল</b>			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	১২ জন	-
<b>উদ্ধার অভিযান</b>			
১।	জেলে/বাওয়ালী উদ্ধার	১০ জন	-
২।	মৃতদেহ উদ্ধার	১২টি	-
৩।	বোট	০৩টি	-
<b>সর্বমোট</b>			<b>২৮৯,৫৩,৫৭,৫০০/০০</b>

- (৩) মৎস্য সম্পদ রক্ষা অভিযান। ফেব্রুয়ারি ২০২২ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক মৎস্য সম্পদ রক্ষা অভিযানে টাকা ২৮১,৬৬,৯৯,৫৫০ (টাকা দুইশত একাশি কোটি ছেষাট্টি লক্ষ নিরানক্বই হাজার পাঁচশত পঞ্চাশ মাত্র) মূল্যের অবৈধ জাল ও জাটকা আটক করা হয়।

## সীমিত

(৪) **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান।** ফেব্রুয়ারি ২০২২ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে ১,৫৮,৯৩৯ পিস ইয়াবা, ১২.৪৪৫ কেজি গ্রাম গাঁজা, ৪০০ গ্রাম ক্রিস্টাল মেথ আইস, ২,৯১২ ক্যান/বোতল বিয়ার, ১২ বোতল হইস্কি ও ৪০ লিটার দেশীয় মদ আটক করা হয় এবং আটককৃত মাদকদ্রব্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।

(৫) **বনজ সম্পদ রক্ষা অভিযান।** ফেব্রুয়ারি ২০২২ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক সুন্দরবনসহ দেশের অন্যান্য অঞ্চলের মূল্যবান বনজ সম্পদ রক্ষায় পরিচালিত অভিযানে কোস্ট গার্ড টাকা ৫,৬১,৮০০ (টাকা পাঁচ লক্ষ একষট্টি হাজার আটশত মাত্র) মূল্যের বিভিন্ন প্রকার বনজ সম্পদ আটক করে।

(৬) **ডাকাত/বনদস্যুতা দমন, অবৈধ রামদা ও বাংলা দা উদ্ধার।** ফেব্রুয়ারি ২০২২ মাসে সুন্দরবনসহ উপকূলীয় অঞ্চলে বাংলাদেশ কোস্ট গার্ড অভিযান পরিচালনা করে ১২ জন ডাকাত/বনদস্যু/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি আটক করা হয়।

(৭) **উদ্ধার অভিযান।**

ক। গত ০৫-০৯ ফেব্রুয়ারি ২০২২ তারিখে দুবলার চর এবং বঙ্গবন্ধু চর হতে বিসিজিএস তৌফিক ও বিসিজি স্টেশান দুলবার চর এর সমন্বয়ে যৌথ অভিযান পরিচালনা করে ০৭টি মৃতদেহ, ০৩ জন জীবিত জেলে ও ০২টি বোট উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ নৌ পুলিশ এবং পরিবারের নিকট হস্তান্তর করা হয়।

খ। গত ২২ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বরিশাল থানার চরমোনাই কীর্তনখোলা নদীতে ০১ জন ব্যক্তি গোসল করতে গিয়ে পানিতে ডুবে যায়। প্রাপ্ত সংবাদের ভিত্তিতে তৎক্ষণাত বিসিজি বেইস ভোলা ও বিসিজিএস পাবনা এর সমন্বয়ে যৌথ অভিযান পরিচালনা ০১টি মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ নৌ পুলিশ এর নিকট হস্তান্তর করা হয়।

গ। গত ২৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এমভি তাসিফ-৩ এর সাথে ০৯ জন জেলে একটি ফিশিং বোট সংঘর্ষে ফিশিং বোটটি দৌলতখান থানা রাজাবালব চৌকিঘাট মেঘনা নদীতে ডুবে যায়। প্রাপ্ত সংবাদের ভিত্তিতে তৎক্ষণাত বিসিজি বেইস ভোলা অভিযান পরিচালনা ০২টি মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ দৌলতখান থানায় হস্তান্তর করা হয়।

ঘ। গত ২৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে অজ্ঞাত লঞ্চ এর সাথে ৪৫ জন যাত্রীবাহী একটি ট্রলার এর সংঘর্ষে মেহেন্দিগঞ্জ থানার বাগুরজা আরিয়ালখাল নদীতে ৪৫ জন যাত্রীবাহী ট্রলারটি ডুবে যায়। প্রাপ্ত সংবাদের ভিত্তিতে তৎক্ষণাত বিসিজি স্টেশান বরিশাল অভিযান পরিচালনা করে ০১টি মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ নৌ পুলিশ এর নিকট হস্তান্তর করা হয়।

ঙ। গত ২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বিসিজি স্টেশান তজুমুদ্দিন মেঘনা নদীর সোনার চর এলাকায় ০১টি অজ্ঞাত মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ তজুমুদ্দিন থানায় হস্তান্তর করা হয়।